দৈনিক
ইত্তেফাক

25 JUN 2008

# অধ্যাপক সবদের আলী ডুয়েটের নয়া ভিসি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

অধ্যাপক ড. মোহাম্মদ সবদের আলী ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) ভিসি হিসাবে নিয়োগ পেয়েছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ এ নিয়োগ দেন। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে জানানো হয়, ডুয়েটে সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. এম আনোয়ারুল আযীমকে (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## অধ্যাপক সবদের আলী

(১৬শ পৃঃ পর)

ভিসির পদ থেকে অব্যাহতি দিয়ে চার বছরের জন্য অধ্যাপক ড. মোহাম্মদ সবদের আলীকে নতুন ভিসি হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। এর আগে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগের জন্য গঠিত সার্চ কমিটি ডুয়েটের ভিসি হিসাবে ড. সবদের আলীর নাম প্রস্তাব করে।